অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/30/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অক্ষমতাসহ শিশুদের স্কুলের বিনিয়োগে ঐতিহাসিক 240 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধির ঘোষণা করলেন

প্রিস্কুল এবং স্কুল-বয়সী বিশেষ শিক্ষা প্রদানকারীদের তহবিল 15 শতাংশ বৃদ্ধি পাবে

এছাড়াও গভর্নর অক্ষমতাসহ শিক্ষার্থী, তাদের পরিবার এবং সামাজিক সেবা প্রদানকারীদের সংস্থান প্রদান করতে প্রধান বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করলেন

গভর্নর হোকল আজকে তার আসন্ন 2022-2023 নির্বাহী বাজেটে (Executive Budget) অনুমোদিত অক্ষমতাসহ শিশুদের বেসরকারি স্কুলের বিনিয়োগে ঐতিহাসিক 240 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধির ঘোষণা করলেন। এছাড়াও গভর্নর হোকল অক্ষমতাসহ শিক্ষার্থী, তাদের পরিবার এবং সামাজিক সেবা প্রদানকারীদের সংস্থান প্রদান করতে প্রধান বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করলেন।

"অক্ষমতাসহ শিক্ষার্থী স্কুলে ঐতিহাসিক এই বিনিয়োগ, এবং এর সাথে আমি যে চারটি বিল আইন হিসেবে স্বাক্ষর করছি, নিউ ইয়র্কের প্রতিটি কোণায় শিক্ষার্থী, পরিবার এবং স্কুলের জন্য বিশাল পরিবর্তন নিয়ে আসবে," **গভর্নর হোকল বলেন।** "আমি অফিসে থাকাকালীন সময়ে, প্রতিবন্ধী সম্প্রদায়ের কথা শোনা এবং তাদের ভালোভাবে বেঁচে থাকতে প্রয়োজনীয় সংস্থান ও সমর্থন প্রদানকে অগ্রাধিকার প্রদান করেছি। অক্ষমতাসহ মানুষদের জন্য আমার প্রতিশ্রুতি হলো: আপনাদের গভর্নর হিসেবে, আমি সবসময় আপাদের পাশে থাকবো এবং আপনাদের হয়ে লড়াই করবো।"

2021-2022 স্কুল বছরের জন্য অনুমোদিত টিউশন হারে 4 শতাংশ জীবনযাপনের-খরচ সমন্বয়ের পর, নিউ ইয়র্ক স্টেট বাজেট ডিভিশন (New York State Division of the Budget) 2022-2023 স্কুল বছরের জন্য অতিরিক্ত 11 শতাংশ জীবনযাপনের-খরচ সমন্বয়ের অনুমোদন প্রদান করবে, যা বিগত দুই বছরের তুলনায় 15 শতাংশের বেশি বৃদ্ধি। 2022-2023 জীবনযাপনের-খরচ সমন্বয় প্রিস্কুল এবং স্কুল-বয়সীদের বিশেষ শিক্ষা প্রদানকারীদের বার্ষিক তহবিল 240 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বৃদ্ধি করবে, যেখানে স্টেট স্কুল জেলা ও কাউন্টিগুলিকে তাদের মোট খরচের প্রায় 60 শতাংশ পুনরায় পরিশোধ করে দিবে।

গভর্নর হোকল এছাড়াও অক্ষমতাসহ শিক্ষার্থীদের সমর্থনে বিধিমালার একটি প্যাকেজে স্বাক্ষর করেন: বিধিমালা (S.2911/A.1953) অনুযায়ী অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডারস অ্যাডভাইজরি

বোর্ড (Autism Spectrum Disorders Advisory Board) অটিজম নির্ণয়, শিক্ষা, এবং ম্যাপিংয়ের উপর একটি প্রতিবেদন প্রদান করবে; বিধিমালা (S.6682/A.7614) অক্ষমতাসহ শিক্ষার্থীদের জন্য প্রক্রিয়াসংক্রান্ত অভিযোগের বিচার করার জন্য একজন নিরপেক্ষ শুনানি কর্মকর্তা নিয়োগ করার একটি প্রক্রিয়া তৈরি করে; বিধিমালা (S.1662-B/A.3523-A) নিউ ইয়র্কে আচরণগত বিশ্লেষক লাইসেন্সেস ইস্যু করা অন্য স্টেটগুলির সাথে সংগতিপূর্ণ করে; বিধিমালা (S.5560-A/A.5339) অক্ষমতাসহ বাচ্চাদের আর্লি ইন্টারভেনশন (Early Intervention, EI) শিক্ষার তহবিল প্রদান করে।

বিধিমালা (S.2911/A.1953) অনুযায়ী অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডারস অ্যাডভাইজরি বোর্ড অটিজম নির্ণয়, শিক্ষা, এবং ম্যাপিংয়ের উপর একটি প্রতিবেদন প্রদান করবে।প্রতিবেদনটি শিশুদের মধ্যে অটিজমের কারণ সংক্রান্ত সম্ভাব্য বিষয়গুলি সঠিকভাবে মূল্যায়ন ও পর্যালোচনা করবে এবং একই সাথে স্বাস্থ্যসেবা ও শিক্ষা প্রদানকারীদের জন্য অটিজম আক্রান্তদের আরো ভালো উপায়ে সাহায্য করতে সহায়তা করবে।

সিনেটর কেভিন এস. পার্কার বলেন, "যদি জানা অর্ধেক লড়াই জয় হয়ে থাকে তাহলে আমরা আমাদের মহান স্টেটে অটিজমের বিরুদ্ধে লড়াইয়ে হেরে যাচ্ছি। এটি পরিবর্তন করার প্রথম ধাপ হবে ম্যাপিং বিল। আমি এই জরুরি আইনটির খসড়া করতে পেরে গর্বিত যার দ্বারা অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডারস অ্যাডভাইজরি বোর্ডের জন্য অটিজম নির্ণয়, শিক্ষা, এবং ম্যাপিংয়ের উপর একটি প্রতিবেদন প্রদান করা আবশ্যিক করা হবে। প্রতিবেদনটি শিশুদের মধ্যে অটিজমের কারণ সংক্রান্ত সম্ভাব্য বিষয়গুলি সঠিকভাবে মূল্যায়ন ও পর্যালোচনা করবে এবং একই সাথে স্বাস্থ্যসেবা ও শিক্ষা প্রদানকারীদের জন্য অটিজম আক্রান্তদের আরো ভালো উপায়ে সাহায্য করতে সহায়তা করবে। আমি গভর্নর হোকলকে অটিজম নিয়ে বেঁচে থাকা পরিবারের সমর্থনের প্রচেষ্টায় যোগদানের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য ক্যাটালিনা ক্রুজ বলেন, "নিউ ইয়র্ক স্টেটে, 1996 সাল থেকে অটিজমের হার উদ্বেগজনকভাবে বৃদ্ধি পেয়েছে। এটা স্পষ্ট যে, আমাদেরকে শিশুদের অটিজমের কারণ সংক্রান্ত সম্ভাব্য বিষয়গুলি সঠিকভাবে নির্ণয় করার জন্য অটিজম কেসের সংখ্যা কোথায় কেমন তা জানতে হবে। আইনটি অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডারস অ্যাডভাইজরি বোর্ড গঠন করে, এবং অটিজম নির্ণয়, শিক্ষা, এবং ম্যাপিংয়ের উপর একটি প্রতিবেদন প্রদান করবে।আমাদের জন্য অটিজম প্রাদুর্ভাবের হার সনাক্ত করতে এবং সর্বজনীন স্ক্রিনিং সম্প্রসারিত করতে এবং একই সাথে ডাক্তার ও শিক্ষাদানকারীদের আর্লি স্ক্রিনিং, ইন্টারভেনশন এবং চিকিৎসা প্রদানে সহায়তা করতে নিউ ইয়র্ক স্টেটের জন্য এই জরুরি সংগঠন আবশ্যিক। আমি বিলটির স্বপক্ষের মানুষ ও পরিবারে এ ব্যাপারে তাদের কঠোর পরিশ্রমের জন্য, সিনেটর পার্কারকে তার অংশীদারিত্বের জন্য এবং সবশেষে গভর্নর হোকলকে বিধিমালার এই অপরিহার্য একান্ত প্রয়োজনীয় অংশকে স্বাক্ষর করে স্টেটব্যাপী শিশুদের জীবন উন্নত করার জন্য ধন্যবাদ জানাতে চাই।"

বিধিমালা (S.6682/A.7614) বিশেষ শিক্ষার প্রক্রিয়াসংক্রান্ত অভিযোগের বিচার করার জন্য তাৎক্ষণিকভাবে একজন নিরপেক্ষ শুনানি কর্মকর্তা (Impartial Hearing Officer, IHO) নিয়োগ করার একটি প্রক্রিয়া তৈরি করে, যদি না একজন পিতামাতা অভিযোগ দাখিল করার 196 দিনের

মধ্যে কাউকে নিয়োগ না করা হয়। বিধিমালাটি নিশ্চিত করবে যে বিশেষ শিক্ষার শিক্ষার্থীরা যেন তাদের প্রয়োজনীয় আইনানুযায়ী আবশ্যক সেবা সময়মতো পায়।অভিযোগ শোনার IHO নিয়োগ না দেওয়ার ফলে এধরনের অনেক কেস বহু বছর ধরে বিলম্বিত হয়েছে; নিউ ইয়র্ক সিটিতে বর্তমানে কয়েক হাজার এমন কেস জমে আছে। নিউ ইয়র্ক সিটি এবং স্টেটের শিক্ষা বিভাগ (State Education Department) সম্প্রতি এমন কেস শোনার জন্য আরো IHO-কে চাকরিদানের পরিকল্পনা করেছে, এবং এই বিধিমালা পিতামাতা ও শিক্ষার্থীরা যাতে বিলম্ব ছাড়া প্রয়োজনীয় সেবা পেতে পারে তা আরো ভালোভাবে নিশ্চিত করবে।

সিনেটর জন সি. লিউ বলেন, "নিউ ইয়র্ক সিটি হাজার হাজার বিশেষ প্রয়োজনসহ স্কুলে যাওয়া শিশুকে সম্পূর্ণ হতাশ করেছে, যারা অপর্যাপ্ত শিক্ষা সেবা লাভ করেছে এবং যাদের পরিবারকে ভীষণ কঠিন আমলাতান্ত্রিক এবং আর্থিক পরিস্থিতির মধ্যে দিয়ে সময় পার করতে হয়েছে। নিউ ইয়র্ক সিটির শিক্ষা বিভাগ (New York City Department of Education, NYCDOE) বছরের পর বছর ধরে বার বার আইনসভার নেতাদের কাছে তাদের প্রক্রিয়া উন্নত করার প্রতিশ্রুতি ভঙ্গ করেছে যার ফলে বিধিমালাটি প্রয়োজন হয়েছে। বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য এবং NYCDOE-র হাতে বহু দীর্ঘ সময় ধরে অগ্রাহ্য হয়েছে তাদের শিক্ষা সত্যিকার অর্থে উন্নত করার জন্য গভর্নর হোকলকে অনেক অনেক ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য মাইকেল বেনেডেট্টো বলেন, "আমি আনন্দিত যে গভর্নর ক্যাথি হোকল আমার বিলটি স্বাক্ষর করছেন, যেটি অক্ষমতাসহ শিক্ষার্থীদের বা তাদের পরিবারের সদস্যদের সনাক্তকরণ, মূল্যায়ন, বা শিক্ষার স্থান সংক্রান্ত ব্যাপারে একজন নিরপেক্ষ শুনানি কর্মকর্তার জন্য আবেদন করতে পারবে। বিধিমালাটি প্রণয়ন করা হলে, নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ সংক্ষিপ্ত সময় সীমার বিস্তারিতসহ প্রবিধান জারি করবে, যে সময়ের মধ্যে একটি ত্বরান্বিত ত্রাণের আদেশ সন্ধানী পিতামাতার জন্য একজন IHO একটি নির্দেশ পেশ করবে।"

বিধিমালা (S.1662-B/A.3523-A) নিউ ইয়র্কে আচরণগত বিশ্লেষক লাইসেন্স ইস্যু করা অন্য স্টেটগুলির সাথে সংগতিপূর্ণ করে। বর্তমান আইন আচরণগত বিশ্লেষকদের শুধু অটিজম এবং অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডারের চিকিৎসা করতে অনুমতি দেয়। বিধিমালাটি এই সীমাবদ্ধতা অপসারণ করবে, এবং ডায়াগনস্টিক অ্যান্ড স্ট্যাটিস্টিক্যাল ম্যানুয়াল অফ মেন্টাল ডিজঅর্ডারস (Diagnostic and Statistical Manual of Mental Disorders) বা সমতুল্য ব্যবস্থায় তালিকাবদ্ধ সকল আচরণগত স্বাস্থ্য সমস্যার চিকিৎসা করার অনুমতি প্রদান করবে।

সিনেটর জেমস স্কোফিস বলেন, "যখন অন্য সকল স্টেট তাদের ব্যবহারিক আচরণগত বিশ্লেষকদের ব্যাপকভাবে নিজেদের দক্ষতা অনুশীলন করতে দিচ্ছে, তখন নিউ ইয়র্ক স্টেট দীর্ঘদিন ধরে এই পেশাদারদের বিশেষ শ্রেণীর সীমায় আবদ্ধ করে রেখেছে, যার ফলে শিশু ও অক্ষমতাসহ ব্যক্তিরা এই কার্যকর থেরাপির সুযোগ পাওয়া থেকে বঞ্চিত হয়েছে। বিভিন্ন মানসিক স্বাস্থ্য সমস্যা বা বিকাশমূলক রোগে ভুগতে থাকা মানুষদের জন্য এই বিধিমালাটি অনেক কিছু বদলে দিবে। আমি বহু ব্যবহারিক আচরণগত বিশ্লেষক (Applied Behavior Analysis, ABA), পরিবার, এবং সহকর্মীদের প্রতি কৃতজ্ঞ যারা এই বিলটিকে পাশ করাতে নিরলসভাবে কাজ করেছেন, যার মধ্যে রয়েছে সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স, সংখ্যাগরিষ্ঠ নেতা পিপলস-স্টোকস, এবং সিনেটর ম্যানিওন। পরিশেষে, আমরা গভর্নর হোকলের প্রতি বিশেষভাবে ঋণী এই

গুরুত্বপূর্ণ বিধিমালাকে সমর্থন করার জন্য এবং অক্ষমতাসহ শিশুর প্রতি তার প্রতিশ্রুতির জন্য।"

অ্যাসেম্বলি সদস্য ক্রিস্টাল ডি. পিপলস-স্টোকস বলেন, "আমি গভর্নর হোকলের প্রশংসা করছি কারণ তিনি বুঝতে পেরেছেন যে নিউ ইয়র্ক স্টেটে ব্যবহারিক আচরণগত বিশ্লেষণ অনুশীলন হালনাগাদ করার এটিই সঠিক সময়। বিধিমালাটি এই পেশাকে অগ্রসর করে এবং এটি দেশে অন্য যেসকল স্টেট আচরণগত বিশ্লেষকদের লাইসেন্স প্রদান করে তাদের সাথে সংগতিপূর্ণ। যেসকল ব্যক্তি ব্যাপক ধরনের সমস্যা নিয়ে বেঁচে আছেন তারা শীঘ্রই ABA-র প্রমাণিত থেরাপি সুবিধা থেকে লাভবান হতে পারবেন। পাশাপাশি, বিধিমালাটি নিউ ইয়র্কের লাইসেন্সধারী আচরণগত বিশ্লেষকের তীব্র ঘাটতি মেটাতে সাহায্য করবে এবং নিশ্চিত করবে যে ABA প্রয়োজন এমন সকলে এই অতি জরুরি অনুশীলনের সুবিধা পাওয়ার সুযোগ পাবে।"

বিধিমালা (S.5560-A/A.5339) অক্ষমতাসহ বাচ্চাদের আর্লি ইন্টারভেনশন শিক্ষার তহবিল প্রদান করে। এটি মিউনিসিপ্যালিটিসমূহে তহবিল বিতরণের ব্যবস্থাকে সহজ করে এবং শিশুদের জন্য আরো বেশি আর্লি ইন্টারভেনশন প্রদানের সুযোগ দেয়।

সিনেটর এলাইজাহ রিচলিন-মেলনিক বলেন, "আমি এই অতি গুরুত্বপূর্ণ বিল স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের প্রতি অনেক কৃতজ্ঞ, বিলটি পরিবার, শিশু, আর্লি ইন্টারভেনশন প্রদানকারী, এবং করদাতা সকলের জন্য একটি বিজয়। আর্লি ইন্টারভেনশন দ্বারা "জীবন মূল্যায়ন প্রদান ব্যবস্থা" তৈরির মাধ্যমে এবং বীমা কোম্পানিগুলির জন্য EI সেবার অ্যাকাউন্ট প্রাক-অর্থায়ন করা আবশ্যক করে, নতুন এই আইনটি নিশ্চিত করবে যে শিশু ও বাচ্চারা যাতে তাদের শিখতে ও বেড়ে উঠতে প্রয়োজনীয় থেরাপি যত দ্রুত সম্ভব পায়, এবং এটি নিউ ইয়র্কের করদাতাদের মিলিয়ন মিলিয়ন ডলার বাঁচিয়ে দিবে।"

অ্যাসেম্বলি সদস্য এমি আর. পলিন বলেন, "নতুন এই আইনটি স্টেটের আর্লি ইন্টারভেনশন কর্মসূচি সংশোধন ও জোরদার করার জন্য একটি বিশাল অগ্রগামী পদক্ষেপ যাতে করে আরো বেশি শিশু তাদের যখন সাহায্য প্রয়োজন, তখন তা পেতে পারে। এটি নিশ্চিত করবে যে বাণিজ্যিক স্বাস্থ্য বীমাকারীরা যাতে আর্লি ইন্টারভেনশন কর্মসূচিতে তাদের ন্যায্য অবদান রাখে এবং স্টেট ও স্থানীয় করের ডলারের ভালো প্রয়োগ নিশ্চিত করবে। আমি গভর্নর হোকলকে এই ব্যাপারে তার নেতৃত্বের জন্য এবং এই বিধিমালায় স্বাক্ষর করার জন্য ধন্যবাদ জানাতে চাই, যেটি আর্লি ইন্টারভেনশন প্রদানকারীদেরকে তারা শিশু ও পরিবারের জন্য যেই সেবা প্রদান করে সেটিতে মনোযোগী হতে দেবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418